




বাস/ট্রাক চালক নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)-এর অধীনে অস্থায়ী ভিত্তিতে বাস ও ট্রাকের জন্য চালক এর শূন্য পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিচের শর্তানুযায়ী সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়স	প্রয়োজনীয় যোগ্যতা	যে সব জেলার নাগরিকদের আবেদন করার প্রয়োজন নেই
বাস/ট্রাক চালক (অপারেটর, গ্রেড-সি)	মোট: ১০৪ টি	জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬তম গ্রেড ৯,৩০০-২২,৪৯০/-	অনুর্ধ্ব ৩২ বছর (১১/০৩/২০২১ তারিখে)	১। আবেদনকারীর ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে; ২। বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ি চালনায় কমপক্ষে ০২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ৩। প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ার পর তাকে বিআরটিসি কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর থেকে ভারী যান চালনার উপর কমপক্ষে ১৫ (পনের) দিনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে; ৪। বিধি মোতাবেক ভারী ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; ৫। নিয়োগ প্রাপ্তদের বাধ্যতামূলকভাবে বিআরটিসি'তে কমপক্ষে ১০(দশ) বছর চাকরি করতে হবে; ৬। যানবাহনের প্রাথমিক মেরামত, রুটিন রক্ষণাবেক্ষণ এবং খুচরা যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান থাকতে হবে; ৭। পরিধান বিধি এবং মহাসড়ক সম্পর্কে অবশ্যই জ্ঞান থাকতে হবে; ৮। প্রার্থী মাদকাসক্ত প্রমানিত হলে তিনি নিয়োগের অযোগ্য বিবেচিত হবেন; ৯। প্রার্থীর মেডিকেল টেস্ট ও ড্রাইভিংসহ অন্যান্য টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে; এবং ১০। কোন প্রার্থীর আবেদনে ভুল, মিথ্যা তথ্য থাকলে বা কোন তথ্য গোপন করলে এবং কোন প্রকার তদবির বা অনাকাঙ্ক্ষিত প্রভাব সৃষ্টি করলে তিনি নিয়োগের অযোগ্য বিবেচিত হবেন।	ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, নেত্রকোনা, চাঁদপুর, লক্ষীপুর, বাগেরহাট, মাগুরা, নড়াইল, বরিশাল, ভোলা, ঝালকাঠী, পটুয়াখালী ও পিরোজপুর।

শর্তাবলিঃ

- ২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা (মোবাইল/ফোন নম্বর উল্লেখসহ), জন্ম তারিখ, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্রের অথবা জন্ম নিবন্ধন সনদের নম্বর, অভিজ্ঞতা উল্লেখ এবং তারিখ ও স্বাক্ষরসহ নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - (ক) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
 - (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি।
 - (গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - (ঘ) আবেদনকারীর ড্রাইভিং লাইসেন্সের ২ (দুই) কপি স্পষ্ট সত্যায়িত ফটোকপি।
 - (ঙ) নাগরিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র)।
 - (চ) 'চেয়ারম্যান বিআরটিসি' পরিবহন ভবন ২১ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০ এর বরাবরে যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।
 - (ছ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনে উল্লেখসহ ঐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সার্টিফিকেট, মুক্তিবার্তা/গেজেটের কপি যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও সনদপত্রের সত্যায়িত কপি দাখিলসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। তাছাড়া, অন্যান্য কোটায় আবেদন করলে আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণাদিসহ উল্লেখ করতে হবে।
 - (জ) নির্ধারিত তারিখের পর প্রাপ্ত সকল আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।
 - (ঝ) সকল চাহিত সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণির (গেজেটেড/নন-গেজেটেড) কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৩। আবেদনপত্র আগামী ১১/০৪/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সরাসরি/কুরিয়ার/ ডাকযোগে পৌছাতে হবে।
- ৪। শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের নির্ধারিত কোটা ও অপরাপর বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা প্রতিপালন/অনুসরণ করা হবে।
- ৫। খামের উপর পদের নাম ও প্রার্থীর নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- ৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৭। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৮। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


জনাব ম্যানেজার (প্রশাঃ ও পদোন্নতি)
বিআরটিসি ও সদস্য-সচিব
নিয়োগ ও পদোন্নতি কমিটি।